



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/৯৫৩

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২৮  
০১ সেপ্টেম্বর ২০২১

## বিজ্ঞপ্তি

গত ৩০/০৮/২০২১ ইং তারিখ রাত ০৮.০০টায় অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলরের সাথে ভার্চুয়াল প্লাটফর্মে বিভাগের সভাপতিগণের সাথে শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহন সংক্রান্ত এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরীক্ষা গ্রহন সংক্রান্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

- ক. আগামী ১৫/০৯/২০২১ ইং তারিখ থেকে আপাতত: ৪র্থ বর্ষের শিক্ষার্থীদের স্ব-শরীরে উপস্থিতির মাধ্যমে হল না খোলার শর্তে পরীক্ষামূলকভাবে পরীক্ষা কার্যক্রম শুরু করার বিষয়ে সিদ্ধান্ত হয়। তবে পরীক্ষার্থীগণসহ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলকে পুরোপুরি স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক ও সামাজিক দূরত্ব বজায় রেখে পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।
- খ. পরীক্ষার্থীগণকে টিকা গ্রহন সম্পর্কিত তথ্য স্ব-স্ব বিভাগীয় সভাপতিকে অবহিত করতে হবে।
- গ. পরীক্ষায় অংশগ্রহনের পূর্বে শিক্ষার্থীদের ফরমপূরণ ও রেজিস্ট্রেশনসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ঘ. পরীক্ষাসমূহ পূর্বের নিয়মেই অনুষ্ঠিত হবে এবং নম্বর বন্টনও আগের নিয়মেই থাকবে।
- ঙ. পরীক্ষার রুটিন প্রস্তুত এবং অন্যান্য যাবতীয় কার্যক্রম স্ব-স্ব বিভাগ কর্তৃক পরিচালিত হবে।
- চ. ৪র্থ বর্ষের পরীক্ষা সফলভাবে সম্পন্ন হলে পর্যায়ক্রমে মাস্টার্সসহ অন্যান্য বর্ষের পরীক্ষাও একইভাবে গ্রহন করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো,

(মোঃ মোরাদ হোসেন)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/৯৫৩(৫০)

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২৮  
০১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ..... অনুসদ/বিভাগ/হল/দপ্তর প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)
- ৩। উপ-পরিচালক (জনসংযোগ), জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৫। অফিস নথি।

(মোঃ মোরাদ হোসেন)  
উপ-রেজিস্ট্রার